

নম্বর-৩১.৩০.৬৮০০.১০৭.২৬.০০৯.১৯-৭১৭


তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০
১৩ আগষ্ট ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়ঃ রাজস্ব প্রশাসনের “অফিস সহায়ক” পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার রাজস্ব প্রশাসনের ৩৮ (আটত্রিশ) টি “অফিস সহায়ক” এর শূন্য পদ পূরণের নিমিত্ত লিখিত পরীক্ষা আগামী ০৮ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. তারিখ রোজ শুক্রবার সকাল ১০.০০ টায় অনুষ্ঠিত হবে। উক্ত পদের জন্য দাখিলকৃত আবেদনসমূহের মধ্যে হতে যাচাই-বাছাইক্রমে বৈধ প্রার্থীদের স্থায়ী ঠিকানায় ২৫/০৯/২০২২ তারিখে নিম্নস্বাক্ষরকারীর স্বাক্ষরিত প্রবেশপত্র ইতিমধ্যে ডাকযোগে প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, গত ১২/১০/২০২২ তারিখের ৩১.৩০.৬৮০০.১০৭.২৬.০০৯.১৯-৮৯১ নং স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তিতে ২৫/০৯/২০২২ তারিখে প্রেরিত প্রবেশপত্র সংরক্ষণের জন্য বলা হয়েছিল। ইতিমধ্যে বৈধ প্রার্থীদের অনুকূলে প্রেরিত প্রবেশপত্রটি আগামী ০৮ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য রাজস্ব প্রশাসনের ৩৮ (আটত্রিশ) টি “অফিস সহায়ক” পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে।

০২। তথাপি যদি কোন বৈধ আবেদনকারী প্রবেশপত্র প্রাপ্ত না হয়ে থাকলে তাকে সত্যায়িত ০২ (দুই) কপি ছবি ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপিসহ অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা (৩য় তলা; রুম নং-৩১৭) হতে যোগাযোগপূর্বক আগামী ২৯/০৮/২০২৩ তারিখ হতে ৩০/০৮/২০২৩ তারিখ পর্যন্ত (প্রযোজ্য ক্ষেত্রে) অবিকল (ডুপ্লিকেট) প্রবেশপত্র সংগ্রহ করার জন্য বলা হলো।



মোহাম্মদ মাসুম

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

ও

সভাপতি

অফিস সহায়ক নিয়োগ ও বাছাই কমিটি

নরসিংদী

ফোন: + ৮৮০২৯৪৬৩১৮৬

ফ্যাক্স: + ৮৮০২৯৪৬৪৪৩৩

ই-মেইল: adcrevnarsingdi@gmail.com

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো -

- ০১। উপপরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ শিক্ষা ও আইসিটি), বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী (সকল) (তৌর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
- ০৪। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী (নির্বাচনকৃত পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবদের অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৫। রেভিনিউ ডেপুটি কালেক্টর, নরসিংদী
- ০৬। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
- ০৭। সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী (সকল) (তৌর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
- ০৮। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী (জেলা প্রশাসক, নরসিংদী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৯। নেজারত ডেপুটি কালেক্টর, নরসিংদী
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
- ১১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, নরসিংদী (তৌকে ওয়েব পোর্টালে নোটিশটি আপলোডের অনুরোধসহ)
- ১২। জনাব.....
- ১২। অফিস কপি